শীতে পা ফাটার সমস্যা: চর্মরোগের কারণেও দীর্ঘমেয়াদী ফাটা

written by Chandradip News24 | November 16, 2024

শীতে পা ফাটার সমস্যা সাধারণ হলেও অনেকেরই এটি দীর্ঘমেয়াদী হয়ে থাকে। কখনো কখনো এই সমস্যা এতটাই গুরুতর রূপ নেয় যে, ফাটা স্থান থেকে রক্ত ঝরে। যদিও পা ফাটা সাধারণত শীতকালীন সমস্যা হিসেবে পরিচিত, এটি কখনো কখনো বিভিন্ন রোগের লক্ষণ হতে পারে। ভিটামিন বা পানির অভাব থেকে শুরু করে চর্মরোগের কারণেও পা ফাটতে পারে।

পায়ের গোড়ালি ফাটার কারণসমূহ

ভিটামিনের অভাব
ভিটামিনের অভাব পা ফাটার একটি সাধারণ কারণ। বিশেষ করে ভিটামিন বি ও সি ত্বকের সুস্থতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই দুটি ভিটামিনের অভাবে ত্বকে নানা ধরনের সমস্যা দেখা দেয়, যার মধ্যে পায়ের গোড়ালি ফেটে যাওয়াও অন্যতম।

ডিহাইড্রেশন
পানি শূন্যতা বা ডিহাইড্রেশনও পা ফাটার আরেকটি কারণ। কম পানি পান

করা, শুষ্ক পরিবেশে দীর্ঘক্ষণ হাঁটাহাঁটি বা আর্দ্রতার অভাবের কারণে পায়ের ত্বক শুকিয়ে ফেটে যেতে পারে।

অ্যাকজিমা
পা ফাটার আরেকটি কারণ অ্যাকজিমা বা অ্যাটপিক ডার্মাটাইটিস নামক চর্মরোগ। এই রোগের কারণে পায়ের গোড়ালি ফেটে যেতে পারে এবং এর সঠিক কারণ সম্পর্কে বিশেষজ্ঞরাও অনেক সময় নিশ্চিত নন।

সোরিয়াসিস
সোরিয়াসিসের কারণে পায়ের গোড়ালি ফেটে যেতে পারে। এটি একটি ত্বকের রোগ, যার ফলে পায়ের তালুতে খোসার মতো চামড়া উঠতে থাকে। এই রোগ একবার শরীরে হলে, এটি পুরোপুরি সারানো সম্ভব নয়, তবে নিয়ন্ত্রণে রাখা যেতে পারে।

রোগের লক্ষণ এবং চিকিৎসা

বিশেষজ্ঞরা বলেন, শীতে শুষ্কতার কারণে পায়ের গোড়ালি ফাটার সমস্যা ঘরোয়া উপায়ে সমাধান করা সম্ভব হলেও, দীর্ঘমেয়াদী ফাটার সমস্যা বিভিন্ন রোগের লক্ষণ হতে পারে। বিশেষ করে ডায়াবেটিস রোগীদের ক্ষেত্রে এটি ডায়াবেটিক ফুটের ঝুঁকি বাড়ায়। তাই যদি আপনি দীর্ঘ সময় ধরে পা ফাটার সমস্যায় ভুগছেন, তবে চিকিৎসকের পরামর্শ নেওয়া জরুরি।

—

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম